গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স
৩৪ শাহ্জালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০
www.highwaypolice.gov.bd

স্মারক নং- হাঃপুঃহেঃকোঃ/ ৭৮০৬ /(আরও) **নিয়োগ বিজ্ঞপ্তি** তারিখঃ ০৮ /১১/২০২২ খ্রিঃ।

হাইওয়ে পুলিশে নিম্নবর্ণিত শূন্য পদ সমূহ পূরণের নিমিত্ত পার্শ্বে উল্লেখিত জেলার নির্দেশনা অনুযায়ী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে অনলাইনে (Online) পূরণকৃত আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (Online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড, বেতন স্কেল ও পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ অনলাইনে আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১. | **কম্পিউটার অপারেটর**<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/-<br>পদের সংখ্যা-০৩ (তিন)টি | ১৮ হতে ৩০ বৎসর।<br>(বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | জামালপুর, চাঁদপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, রংপুর, ঠাকুরগাঁও এবং পটুয়াখালী জেলা ব্যতীত দেশের সকল জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন।<br><br>**বিঃ দ্রঃ এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন** |
| ২. | **ডাটা এন্ট্রি অপারেটর**<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/-<br>পদের সংখ্যা-০২ (দুই)টি | ১৮ হতে ৩০ বৎসর।<br>(বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | **অফিস সহায়ক**<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/-<br>পদের সংখ্যা-০৩ (তিন)টি | ১৮ হতে ৩০ বৎসর।<br>(বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | (১) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | গাজীপুর, কিশোরগঞ্জ, শেরপুর চট্টগ্রাম, কুমিল্লা, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, খাগড়াছড়ি, রাজশাহী, জয়পুরহাট, নাটোর, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, বাগেরহাট, মাগুরা এবং পিরোজপুর জেলা ব্যতীত দেশের সকল জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন<br><br>**বিঃ দ্রঃ এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন** |

**শর্তাবলী ঃ**

১। ০১/১১/২০২২খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র নং-০৫.০০.০০০০.১৭০ .১১.০১৭.২০-১৪৯ তারিখ-২২/০৯/২০২২খ্রিঃ অনুযায়ী কোভিড-১৯ পরিস্থিতির কারনে প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত সর্বোচ্চ বয়স সীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগন আবেদন করতে পারবেন।

৩। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৪। একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একের অধিক আবেদন পাওয়া গেলে প্রার্থীটা বাতিল করা হবে।

৫। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনোরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোনো পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমানিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষনিকভাবে বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

৬। লিখিত পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় সময় প্রার্থীকে Online এ দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপিসহ নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে।

(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রঙ্গিন ছবি;

(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, অভিজ্ঞতা সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের ফটোকপি;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সনদের সত্যায়িত ফটোকপি;

(ঘ)আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি মুক্তিযোদ্ধার সরকারি গেজেটের সত্যায়িত ফটোকপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কে বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;

(ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সদনপত্রের সত্যায়িত ফটোকপি;

(চ) উপর্যুক্ত সকল সনদের সত্যায়িত ফটোকপির সাথে মূল কপি উপস্থাপন করতে হবে।

৭। শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো পরিবর্তন/সংশোধন (যদি থাকে) হাইওয় পুলিশ এর ওয়েবসাইটে (www.highwaypolice.gov.bd) এ পাওয়া যাবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১৩। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিকস্খলন জনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪। Online-এ আদেনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করনীয়ঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http/highway.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

১) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০/১১/২০২২খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০/১১/২০২২খ্রিঃ বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit-করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Application Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Application Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ কম্পিউটার অপারেটর এবং ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও Teletalk সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩(দুইশত তেইশ) টাকা পরিশোধ করতে হবে। অফিস সহায়ক পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk সার্ভিস চার্জ বাবদ ১২(বার) টাকাসহ অফেরতযোগ্য

মোট ১১২(একশত বার) টাকা পরিশোধ করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: HIGHWAY<space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: HIGHWAY ABCDEF
Reply: Applicant's Name, TK-112 will be charged as Applicantion fee, Your PIN is 12345678; To pay fee Type HIGHWAY<space>YES<space>PIN and Send to 16222.

দ্বিতীয়ঃ SMS: HIGHWAY<space>YES<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: HIGHWAY YES 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for Highway Applicantion for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http/highway.teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নিদের্শনা তৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে দিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারেন।
১) User ID জানা থাকলে HIGHWAY<space>Help<space>User ID & Send to 16222.
Example: HIGHWAY Help User ABCDEF

২) PIN Number জানা থাকলে HIGHWAY<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: HIGHWAY Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার ওয়েবসাইট www.highwaypolice.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http:/alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.highwaypolice.gov.bd ওয়েবসাইটে হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা vas.query@teletalk.com.bd বা info@highway.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। Mail এর Subject-এ Organization Name: Highway,Post Name *** Apllicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য প্রদত্ত সকল তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৬। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/১১/২২

(মোঃ মোস্তাফিজুর রহমান)
বিপি-৭৬০১০১০০৬৯
পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, গাজীপুর রিজিয়ন
অতিরিক্ত দায়িত্বে
পুলিশ সুপার (প্রশাসন ও প্ল্যানিং)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফোনঃ ০২-৫৮৯৫৬৮০০